

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ৪৩৮ [আন্তর্জাতিক নামারঃ ৭৭৩]

১০. কিতাবুল আযান (কتاب الأذان)

পরিচ্ছেদঃ ফজরের নামাযে স্বরবে কিরাআত পাঠ করা

بَابُ الْجَهْرِ بِقِرَاءَةِ صَلَاتِ الْفَجْرِ

আরবী

..... عن عبد الله بن عباس رضي الله عنهم قال: انطلق النبي في طائفه من أصحابه عامدين إلى سوق عكاظ وقد حيل بين الشياطين وبين خبر السماء، وأرسلت عليهم الشهوب، فرجعت الشياطين إلى قومهم، فقالوا: ما لكم؟ فقالوا: حيل بيننا وبين خبر السماء، وأرسلت علينا الشهوب، قالوا: ما حال بينكم وبين خبر السماء إلا شيء حدث، فاضربوا مشارق الأرض ومقاربها، فانظروا ما هذا الذي حال بينكم وبين خبر السماء، فانصرف أولئك الذين توجهوا نحو تهامة إلى النبي وهو بنخلة، عامدين إلى سوق عكاظ، وهو يصلى ب أصحابه صلاة الفجر، فلما سمعوا القرآن استمعوا له، فقالوا: هذا والله الذي حال بينكم وبين خبر السماء، فهناك حين رجعوا إلى قومهم، وقالوا: يا قومنا إنا سمعنا قرانا عجبا يهدي إلى الرشد فامنا به ولن نشرك بربينا أحدا فأنزل الله علىنبيه: قل أوحى إلى أنه استمع نفر من الجن وإنما أوحى إليه قوله الجن. (بخاري: ৪৩৮)

বাংলা

৪৩৮) আব্দুল্লাহ ইবনে আবুস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল সাহাবীকে সাথে নিয়ে উকায়ের বাজারের দিকে রওনা হলেন। এ সময় শয়তানদের (দুষ্ট জিনদের) জন্য আকাশের সংবাদ সংগ্রহ করার পথ বন্ধ করে দেয়া হয়েছিল এবং তাদের উপর তখন অগ্নিস্ফুলিঙ্গ নিক্ষেপ করা হত। শয়তানেরা তাদের গোত্রের কাছে ফিরে আসলে তারা বললঃ তোমাদের কি হল? উত্তরে তারা বললঃ আমাদের ও আকাশের সংবাদের মাঝে প্রতিবন্ধকতা তৈরী করা হয়েছে এবং আমাদের উপর অগ্নিস্ফুলিঙ্গ নিক্ষেপ করা শুরু হয়েছে। তারা বললঃ নিশ্চয়ই কোন বিরাট ঘটনা তোমাদের ও আকাশের সংবাদের মধ্যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। সুতরাং তোমরা পৃথিবীর পূর্ব ও পশ্চিম প্রান্তে পরিভ্রমণ করে দেখ কিসে তোমাদের এবং আকাশের

সংবাদ সংগ্রহের পথে বাঁধার সৃষ্টি করেছে? তাই তারা অনুসন্ধানে বের হল। তাদের যে দলটি তিহামার দিকে বের হয়ে ছিল তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পৌঁছে গেল। তখন তিনি উকায়ের বাজারের দিকে যাত্রা করে নাখলা নামক স্থানে অবস্থান করে সাহাবীদেরকে নিয়ে ফজরের নামায আদায় করছিলেন। কুরআন পাঠের আওয়াজ শুনে জিনেরা সেদিকে মনোনিবেশ করল। তারা বললঃ আল্লাহর শপথ! এটিই তোমাদের এবং আকাশের সংবাদ সংগ্রহের পথে বাঁধার সৃষ্টি করেছে। এখান থেকেই তারা তাদের জাতির কাছে ফেরত গিয়ে বললঃ হে আমাদের সম্প্রদায়! আমরা এক বিস্ময়কর কুরআন শ্রবণ করেছি। যা সৎপথ প্রদর্শন করে। ফলে আমরা তাতে বিশ্বাস স্থাপন করেছি। আমরা কখনও আমাদের পালনকর্তার সাথে কাউকে শরীক করব না। (সূরা জিনঃ ১-২) তখন আল্লাহ তাআলা তাঁর নবীর উপর উল্লেখ করেন এবং জিনদের কথোপকথন তাঁকে জানিয়ে দেয়।

English

To recite aloud in the Fajr (early morning) prayer.

Narrated Ibn 'Abbas:

The Prophet (ﷺ) set out with the intention of going to Suq 'Ukaz (market of 'Ukaz) along with some of his companions. At the same time, a barrier was put between the devils and the news of heaven. Fire commenced to be thrown at them. The Devils went to their people, who asked them, "What is wrong with you?" They said, "A barrier has been placed between us and the news of heaven. And fire has been thrown at us."

They said, "The thing which has put a barrier between you and the news of heaven must be something which has happened recently. Go eastward and westward and see what has put a barrier between you and the news of heaven." Those who went towards Tuhama came across the Prophet at a place called Nakhla and it was on the way to Suq 'Ukaz and the Prophet (ﷺ) was offering the Fajr prayer with his companions.

When they heard the Qur'an they listened to it and said, "By Allah, this is the thing which has put a barrier between us and the news of heaven." They went to their people and said, "O our people; verily we have heard a wonderful recital (Qur'an) which shows the true path; we believed in it and would not ascribe partners to our Lord." Allah revealed the following verses to his Prophet (Sura 'Jinn') (72): "Say: It has been revealed to me." And what was revealed to him was the conversation of the Jinns

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু রাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89736>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন